সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১৩ই চৈত্র বুধবার, ১৩২৪ সাল।

## জঙ্গিপুর স্কুলের ছাত্রাবাসে কলেরা।

ছাত্রগণের ছাত্রাবাস ত্যাগ।

### স্কুল বন্ধ।

ভারপ্রাপ্ত উচ্চ শিক্ষকগণের "স্বর্ণলতার"

গদাধর চন্দ্রের দশা।

"চল্লে ভিডি"।

প্রথমে হেড মাষ্টার মহাশয়ের ভ্রাতুষ্পুত্রের কলেরা হয়। তখনও মাষ্টার মহাশয় কখনও নিকটে কখনও তফাতে থাকিয়া তদ্বির করিতেছিলেন। তারপর দ্বিজ বাবু উকিলের আশ্রিত জনৈক দীন ছাত্র এই ভীষণ রোগে আক্রান্ত হয়। তখন মাষ্টার বাবুদের সিম্‌টম্‌ "কখনও ঢিল কখনও টান।" তারপর যখন বোর্ডিং এর জনৈক বোর্ডার ছাত্রের দাস্ত ও বমি আরম্ভ হয়, তখন অবস্থা "চল্লে ভিডি"।

হেড মাষ্টার মহাশয় স্কুল বন্ধের এক নোটিশ দিয়াই গঙ্গাপার। বোর্ডিং সুপারইণ্টেণ্ডেণ্ট বাবু বোর্ডিং ডিজল্‌ভ্‌ করিয়া প্রস্থান। অবশ্য চাকরীর খাতিরে প্রাণ হারাইতে বলা মস্ত কাপুরুষের কার্য্য।

আমরা বোর্ডিং সুপারিণ্টেণ্ডেণ্ট ও হেড মাষ্টার মহাশয়কে প্রাণ দিতে অনুরোধ করি না। তবে বোর্ডিংএর ছাত্রটীকে নিরাশ্রয় অবস্থায় ফেলিয়া তাহার মুখে জলটুকু দিবার বন্দোবস্ত না করিয়াই "আত্মানং সততং রক্ষেৎ" নীতির অনুকরণ করিয়া কি ভাল করিয়াছেন? যদি কোনও ভারপ্রাপ্ত ব্যক্তি তাঁহাদের পুত্রকে এই অবস্থায় ফেলিয়া চলিয়া যাইতেন তাঁহাকে তাঁহারা কি বলিয়া সম্বোধন করিতেন?

### আদর্শ বালক চতুষ্টয়।

যখন শিক্ষকগণ কলেরা রোগগ্রস্ত নিরাশ্রয় মুমূর্ষু ছাত্রকে ফেলিয়া পলায়ন নীতি অবলম্বন করিলেন, তখন সেই স্কুলের সেই শিক্ষকগণের ছাত্র শ্রীমান্‌ ব্যোমকেশ চট্টোপাধ্যায়, শ্রীমান্‌ কমলাপতি মুখোপাধ্যায়, শ্রীমান্‌ রাখালচন্দ্র দত্ত ও ভূতপূর্ব্ব ছাত্র শ্রীমান্‌ মণিভূষণ চন্দের কোমল প্রাণ কাঁদিয়া উঠিল। তাহারা প্রাণের মায়া ত্যাগ করিয়া দিবারাত্র অনাহারে ও অনিদ্রায় তাহাদের মুমূর্ষু বন্ধুত্রয়ের সেবা শুশ্রূষা করিতে আরম্ভ করিল। তাহাদের যত্নে আজ রুগ্ন ছাত্রগণের অবস্থা আশাপ্রদ।

উক্ত ছাত্র চতুষ্টয়ের মধ্যে শ্রীমান্‌ ব্যোমকেশ ও শ্রীমান্‌ কমলাপতি মাতৃকুলেশন পরীক্ষার্থী। আজ বাদে কাল পরীক্ষা তাহারা তজ্জন্য বিন্দুমাত্র চিন্তিত বা বিচলিত হয় নাই।

বাবা! তোমরা যে পরীক্ষায় পাশ হইয়াছ, মাতৃকুলেশন পরীক্ষা ত তুচ্ছ তোমরা বহু বি, এ, ও এম, এ, উপাধিধারী অপেক্ষাও বহু উচ্চে স্থান পাইবার যোগ্য। তোমাদের কি বলিয়া আশীর্ব্বাদ করিব। তোমরা বেঁচে থাক। ভগবান তোমাদের সর্ব্ব বিষয়ে মঙ্গল করুন।

### জঙ্গিপুরের অবস্থা।

খুব গরম পড়িয়াছিল কিন্তু গত কয়েক দিবস হইতে সকালে ও সন্ধ্যায় বেশ শীত অনুভূত হইতেছে। অনেকেই শীতের গরম কাপড় বাক্সজাত করিয়াছিলেন, আবার বাহির করিতে বাধ্য হইয়াছেন। এই ঋতু বিপর্য্যয়ের জন্য জঙ্গিপুরে কলেরার ভীষণ আক্রমণ আরম্ভ হইয়াছে। মা ভাগীরথীর স্রোতহীনতা ও অপরিষ্কৃতি ও এই রোগের অন্যতম কারণ।

রবিখন্দ উঠিয়াছে। দর অভাবনীয় সুলভ। গৃহস্থগণের আর্থিক অবস্থা শোচনীয়।

### কলিকাতা বিশ্ববিদ্যালয়ে নূতন ভাইস চ্যান্সালার।

আগামী ৩১এ মার্চ্চ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বর্ত্তমান ভাইস চ্যান্সেলার ডাক্তার দেবপ্রসাদ সর্ব্বাধিকারীর কার্য্যকাল শেষ হইবে। অতঃপর হাই কোর্টের প্রধান বিচারপতি স্যর ল্যান্সেলট স্যাণ্ডারসন ভাইস-চ্যান্সেলারের আসনে অধিষ্ঠিত হইবেন। প্রথমে তিনি এই পদ গ্রহণ করিতে অসম্মত হইয়াছিলেন; এক্ষণে দিল্লী হইতে সংবাদ আসিয়াছে যে, তিনি এই পদ গ্রহণে স্বীকৃত হইয়াছেন।

কাটোয়া "সেবাশ্রম" হইতে প্রকাশিত।

### কলেরা নিবারণের উপায়।

কেবল মুখ দিয়া কলেরা রোগ দেহে সংক্রামিত হইয়া থাকে। এক প্রকার অতি ক্ষুদ্র বীজাণুই কলেরার কারণ। উত্তাপ দ্বারা এই সকল বীজাণু সহজেই নষ্ট করা যায়, একারণে সহজপ্রাপ্য অগ্নি ও গরম জলের সাহায্যে কলেরা নিবারণ জন্য সকলেরই নিম্নলিখিত উপায়গুলি অবলম্বন করা কর্ত্তব্য।

১। পানীয় জল উত্তমরূপে ফুটাইয়া লইতে হইবে। হাত মুখ প্রক্ষালন ও অন্যান্য কারণে যে জল ব্যবহৃত হয় তাহাও কলেরার সময় ফুটাইয়া লওয়া আবশ্যক। গরম অবস্থাতেই জল ঢাকা-দেওয়া পাত্রে পুরিয়া ফেলা কর্ত্তব্য। পাত্র হইতে জল ঢালিয়া লইতে হইবে। অন্য কোন পাত্র উহাতে ডুবান উচিত নয়। কারণ ইহাতে হাত হইতে বীজাণু জলে মিশিতে পারে। পানীয় জলের পুষ্করিণী পৃথক ও নির্দ্দিষ্ট রাখিবে, তাহাতে স্নানাদি কোন কার্য্য চলিবে না।

২। সকল প্রকার খাদ্য দ্রব্যাদি, দুগ্ধ ও পানীয় জল ভাল করিয়া ঢাকিতে হইবে। মক্ষিকাতে খাদ্য বা পানীয় যাহাতে দূষিত করিতে না পারে, সে বিষয়ে বিশেষ দৃষ্টি রাখা আবশ্যক।

৩। বাজারের কোন প্রকার খাবার বা বাসি, পচা, দুষ্পাচ্য খাদ্য গুরুপাক দ্রব্য গ্রহণ অথবা নিমন্ত্রণে যাওয়া একেবারে পরিত্যাগ করিতে হইবে। কলেরার সময় খালি পেটে থাকা বা জুলাপ লওয়া কর্ত্তব্য নহে।

৪। কলেরার সময় যাহাতে ভাল হজম হয় সে দিকে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে। সামান্য উদরাময় হইলে ক্লোরোডাইন বা স্পিরিট ক্যাম্ফর ৫ ফোটা বা ডাইলিউট সালফিউরিক এসিড ১০ ফোটা মাত্র ব্যবহার করিলে দাস্ত বন্ধ হইবে।

৫। বাটির চারিধারে বিশেষ পরিষ্কার রাখিতে হইবে। কোথাও যেন আবর্জ্জনার স্তূপ জমিয়া না থাকে, কলেরার সময় বাটীতে ধূপ, ধূনা, গন্ধক, কর্পূর ইত্যাদি পোড়ান আবশ্যক। গ্রামের নিকটে মলমূত্র কিম্বা দুর্গন্ধ দ্রব্য সঞ্চিত না হয় তাহা করা কর্ত্তব্য।

৬। বাটীতে কাহারও কলেরা হইলে, তৎক্ষণাৎ পূর্ব্ব সঞ্চিত সমস্ত পানীয় জল ও রন্ধন করা খাদ্যাদি ফেলিয়া দিতে হইবে। এরূপ না করিলে বাটীর অপরের রোগাক্রান্ত হইবার সম্ভাবনা।

৭। রোগীকে পৃথক গৃহে, পৃথক শয্যায় রাখিতে হইবে। সে ঘরে রোগীর সেবাকারী ব্যতীত অন্য কাহাকেও প্রবেশ করিতে দেওয়া অনুচিত। রোগীর সেবার পর হস্ত পদাদি সাবান বা ফেনাইল দিয়া উত্তমরূপে ধৌত করা আবশ্যক।

৮। রোগীর ভেদ বমনাদি কোন পাত্রে ধরিয়া তৎক্ষণাৎ অগ্নি সংযোগে পোড়াইবে বা মৃত্তিকা মধ্যে প্রোথিত করিতে হইবে। ঘরে কিছুক্ষণ রাখিতে হইলে ঐ পাত্র ঢাকিয়া রাখা আবশ্যক, যেন মাছি না বসে।

৯। রোগীর ব্যবহৃত শয্যা ও বস্ত্রাদি উত্তমরূপে ফুটাইয়া লওয়া অবশ্য কর্ত্তব্য। বস্ত্রাদি কোন ক্রমেই পুষ্করিণীতে কাচিবে না বা বস্ত্র ধৌত করা জল জলাশয়ে বা কূপে গড়াইয়া যাইতে দিবে না।

১০। যে পুষ্করিণীর জল ব্যবহারে কলেরা দেখা দিয়াছে বা যাহার জলে কলেরা বীজাণুদুষ্ট বস্ত্রাদি ধৌত করা হইয়াছে, সে জলাশয়ের জল কোন কাজেই ব্যবহার করিবে না।

১১। বর্ত্তমান সময়ে নূতন বুট, মসুর, মটর প্রভৃতি শস্য এদেশে ব্যবহার হয়। ঐ সকল দ্রব্য দুষ্পাচ্য, এ কারণ কলেরা প্রকোপের সময় এই সকল ব্যবহার না করাই উচিত।

১২। প্রায়ই কলেরা রোগীর উদরে এ অঞ্চলে এই সময় ক্রিমি দেখা যায়—একারণ মিষ্ট দ্রব্য অধিক পরিমাণে ভক্ষণ করা উচিত নহে ও যাহাতে ক্রিমি উত্তেজিত না হয় ও দমন থাকে, তৎবিষয়ে বিশেষ দৃষ্টি রাখা কর্ত্তব্য।

## ৺কাশীধামে অভূতপূর্ব্ব অনুষ্ঠান।

# ঋগ্বেদসংহিতা।—

"বেদোদ্বোধিনী" সমিতির পণ্ডিতমণ্ডলি সম্পাদিত।

প্রতি খণ্ডের মুদ্রণ সাহায্য ॥॰ আট আনা মাত্র। ভিঃ পিঃ ও ডাক খরচ ৵৹। অগ্রিম ৫৲ পাঁচ টাকা জমা দিলে ১২ খণ্ড "ঋগ্বেদসংহিতা" বিনা ডাক খরচায় পাইবেন। সংস্কৃতাধ্যাপক ও ছাত্রদিগের জন্য ৪৲ চারি টাকাতেই ১২ বার খণ্ড গ্রন্থ দিবার ব্যবস্থা হইয়াছে।

এক্ষণে নয় খণ্ড পর্য্যন্ত মুদ্রিত হইয়াছে দশম খণ্ড যন্ত্রস্থ।

প্রকাশক।—পণ্ডিত শ্রীবিশ্বেশ্বর দেবশর্ম্ম বিদ্যারত্ন।

### বেদোদ্বোধিনী সমিতি।

১১২ নং হাউজ্ কটরা, বেনারস্ সিটি।

৺কাশীধামে "বেদোদ্বোধিনী" সমিতি নামে একটী সভা প্রতিষ্ঠিত হইয়াছে। সমিতির উদ্দেশ্য—

১। বেদমূলক বর্ণাশ্রমধর্ম্ম ও সমাজ রক্ষা।

(ক) ঐ উদ্দেশ্য সাধনের জন্য সমিতির তিনটী বিভাগ নির্দ্দিষ্ট হইয়াছে।

(১) শিক্ষা বিভাগ। (২) অনুষ্ঠান বিভাগ। (৩) বৈদিক ধর্ম্ম ও গ্রন্থ প্রচার বিভাগ।

(খ) বর্ণাশ্রমধর্ম্মাবলম্বী স্ত্রী পুরুষ মাত্রেই এই সমিতির সভ্যশ্রেণীভুক্ত হইতে পারিবেন। প্রত্যেক সভ্যকেই সমিতির কার্য্যনির্ব্বাহের জন্য যথাসাধ্য অর্থ সাহায্য করিতে হইবে ন্যূনকল্পে বাৎসরিক ১৲ একটাকা সাহায্য করিলেই সমিতির সভ্যশ্রেণীভুক্ত হইতে পারিবেন।

(গ) সমিতির প্রত্যেক সভ্যকেই বেদমূলক বর্ণাশ্রমধর্ম্ম মানিয়া চলিতে হইবে। যিনি বৈদিকধর্ম্মের বিরুদ্ধ কার্য্য করিবেন, তিনি "বেদোদ্বোধিনী" সমিতির সভ্যপদের যোগ্য হইবেন না।

২। **এই সমিতির সভাপতি "বৈদিক পণ্ডিত কুলপতি" মহামহোপাধ্যায় অগ্নিহোত্রি শ্রীযুক্ত সুব্রহ্মণ্য শাস্ত্রী মহাশয়।** কয়েকটী রাজা ও বিশিষ্ট ভদ্রলোক এই কার্য্য পরিচালনা করিতেছেন। অত্রত্য উকিল শ্রীযুক্ত ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় বি, এ, বি, এল, মহাশয় এই সমিতির পরিচালনা কার্য্যের মধ্যেও আছেন।

৩। উপস্থিত এই সমিতি হইতে ঋগ্বেদসংহিতা গ্রন্থ প্রথমে মন্ত্র, পরে পদপাঠ অন্বয়মুখী ব্যাখ্যা, মন্ত্রের অর্থ, বেদোদ্বোধিনী নাম্নী সরল সংস্কৃত টীকা সায়নভাষ্য, ভাষ্যের বিস্তৃত বঙ্গানুবাদ স্থানে স্থানে বৈদিক দুরূহ শব্দের টিপ্পনী মধ্যে মধ্যে তাৎপর্য্য ব্যাখ্যা বিভিন্ন নিরুক্তকারগণের মত ও স্থানে স্থানে নিরুক্তকারের বিশেষ ব্যাখ্যা—এইভাবে প্রতি মন্ত্রের বিস্তৃত ব্যাখ্যা সন্নিবেশিত হইতেছে। মোট কথা, যাহাতে বিশদরূপে বেদের তাৎপর্য্যগ্রহ হইতে পারে তজ্জন্য বিশেষ চেষ্টা করা হইতেছে। ইতিপূর্ব্বে এরূপ বিস্তৃতভাবে বেদের মূল ও ভাষ্যের অনুবাদ কোন ভাষাতেই প্রকাশিত হয় নাই।

৪। বঙ্গভাষার বিশেষ সৌভাগ্য বলিতে হইবে যে, জগতের প্রাচীনতম গ্রন্থ ঋগ্বেদসংহিতা এরূপ বিশদভাবে প্রকাশিত হইয়া বঙ্গভাষাকে সমৃদ্ধিশালিনী করিতেছে বঙ্গভাষাভাষীর জ্ঞানের দ্বার উন্মুক্ত করিতেছে। অন্যূন একশত খণ্ডে সমাপ্ত হইতে পারে। ৺কাশীধামস্থ কয়েকজন ব্রাহ্মণ পণ্ডিতই এই সৎকার্য্যের উদ্যোক্তা। কয়েকজন সহৃদয় ধনী এক এক খণ্ডের মুদ্রণ ভার লওয়ায় এতদিন পর্য্যন্ত এই গ্রন্থ প্রকাশ সম্ভব হইয়াছে। যাহাতে অর্থ সাহায্যাভাবে গ্রন্থ প্রকাশ কার্য্য অসমাপ্ত অবস্থাতেই বন্ধ না হইয়া যায়, তজ্জন্য দেশের ধনীবর্গের অগ্রসর হওয়া একান্ত বাঞ্ছনীয়।

৫। বেদোদ্বোধিনী সমিতি শুধু বেদ প্রকাশ করিয়াই ক্ষান্ত হন নাই, বাঙ্গালীর ছেলেরা যাহাতে বেদ বুঝিতে পারে, তদুদ্দেশ্যে তাঁহারা কয়েকটী বাঙ্গালী ছাত্রকে বেদ শিক্ষা দিতেছেন। যাহাতে বাঙ্গালীর ছেলেরা বেদ শিক্ষা করিয়া বৈদিক কার্য্যকলাপ বিশেষ পারদর্শিতার সহিত করিতে পারেন তজ্জন্যও চেষ্টা করা হইতেছে।

---


ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিস্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্র শক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵৹ আনা।

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ।

---

এন, গাঙ্গুলীর কৃত

## ব্লু-ব্ল্যাক কালির বড়ি।

প্রতি বড়ি ৫ পয়সা, ১০০ শত ॥৵৹, ২০০ শত ১৵৹, ৫০০ শত ২॥৵৹, ১০০ হাজার ৪॥৹ টাকা। নমুনার জন্য ৴৹ আনার ডাক টিকিট পাঠান।

জঙ্গিপুর সংবাদ অফিস,
পোঃ রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ )



## জবাকুসুম তৈল

গুণে অদ্বিতীয় গন্ধে অতুলনীয়।

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।
৩ শিশি ২।৹ ভিঃ পিতে ২॥৵৹

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নবিকার প্রভৃতি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৵৹

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।৵

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিস্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৵৹

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড।

ব্যবস্থাপক ও চিকিৎসক—

**শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ**

২৯ নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

---

## কি চান ?

কাপড়, বাসন, চাঁদী, সোণা, গিনি সবই আছে।

আমরা বিলাতী, দেশী, মিলের ও তাঁতের যাবতীয় সুতী কাপড়, মির্জ্জাপুর, শিবগঞ্জ, বালুচর, ইসলামপুর প্রভৃতি স্থানের রেশমী ও মটকা প্রচুর পরিমাণে আমদানী করিয়াছি বোম্বাই ও পার্শী সাড়ী বিক্রয়ার্থ রাখি। যাবতীয় পশমী শীতবস্ত্র সর্ব্বদা পাইবেন।

খাগড়া, দাঁইহাট, নবাবগঞ্জ প্রভৃতি স্থানের সুন্দর সুন্দর বাসন মজুত রাখিয়াছি। বিবাহের দান ও শ্রাদ্ধাদির ষোড়শ জন্য সর্ব্বদা সকল রকম বাসন ও আবশ্যকীয় অন্যান্য দ্রব্য খুব বেশী দামী হইতে সুবিধাদরের সরবরাহ করিয়া থাকি। অপছন্দ হইলে ফেরত লইয়া পছন্দসই মাল দেওয়া হয়।

বিনীত—বুধসিং বোথরা
রঘুনাথগঞ্জ।

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ ;
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্ ॥ ১ ;

চরক সংহিতা।

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক।
১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| |
|---|
| ১—দীর্ঘায়ু |
| ২—স্বাস্থ্য |
| ৩—শক্তি |

এই তিনটী জিনিস
লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিস্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজারষ্ট্রীট, কলিকাতা

## বিজ্ঞাপন।


আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটী
জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

---

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)।




## সুরমা ও সুকেশ।

সুকেশিনা হইলে রমনী সুরমা হইতে পারে না। বস্তুতঃ কেশই কামিনী গণের প্রধান সৌন্দর্য্য। নিখুঁৎ সুন্দরীকেও কেশের অভাবে বড় কদর্য্য দেখায়। অতএব কেশের শ্রীবৃদ্ধি জন্য সকলেরই চেষ্টা করা উচিত। উপায় থাকিতে তাহাতে উপেক্ষা করিতেছেন কেন? শুনেন নাই কি?—আমাদের "সুরমা" তৈল কেশের সৌন্দর্য্য বাড়াইতে অদ্বিতীয়! "সুরমা" ব্যবহারে অতিশীঘ্র কেশ ঘন দীর্ঘ কাল ও কুঞ্চিত হয়। ইহা পরীক্ষিত সত্য। সন্দেহ করিবেন না, শুধু ইহাই নহে,—"সুরমা" মাথা ঠাণ্ডা রাখে, মাথাধরা, মাথাঘোরা, মাথাজ্বালা, অনিদ্রা প্রভৃতি যন্ত্রণারও সত্বর উপশম করে। কোন ঔষধে যে টাক ভাল করতে পারেন নাই, একবার সুরমা ব্যবহার না করিয়া, তাহাতেও হতাশ হইবেন না। বিশ্বাস রাখিবেন—সুরমার সদ্গন্ধ—জগতে অতুলনীয়। বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা মাত্র, মাশুলাদি ।৶৹ সাত আনা। একত্র বড় তিন শিশির মূল্য ২৲ দুই টাকা, মাশুলাদি ৸৶৹ তের আনা। ৶৹ দুই আনার টিকিট পাঠাইয়া নমুনা লউন।

## জ্বরাশনি।

"জ্বরাশনি" জ্বরের অমোঘ বজ্রস্বরূপ। নূতন, পুরাতন, জীর্ণ বিষম, যেমনই জ্বর হউক, তিন, চারি দিন মাত্র জ্বরাশনি সেবন করিলেই তাহা নিশ্চয় বন্ধ হইয়া যায়। অথচ কুইনাইন আটকান জ্বরের মত সে জ্বর বারংবার ঘুরিয়া ফিরিয়া আক্রমণ করে না। "কুইনাইন ব্যতীত ম্যালেরিয়ার ঔষধ নাই" যাঁহারা মনে করেন, তাঁহাদিগকে একবার এই জ্বরাশনি সেবন করিতে অনুরোধ করিতেছি। কম্পজ্বর, পালাজ্বর, পাক্ষিক জ্বর, যকৃৎপ্লীহাদি উপদ্রব সংযুক্ত জ্বর প্রভৃতি ম্যালেরিয়ার যে কোন অবস্থায় এই ঔষধ সেবন করিয়া দেখুন—ইহা কেমন সহজে ও অল্প দিনে দেহ রোগমুক্ত করিয়া, সুস্থ সবল করিয়া দিবে। পেটেন্ট ঔষধ খাইয়া খাইয়া যাঁহারা বিরক্ত হইয়াছেন, তাঁহারাও একবার এই ঔষধ না খাইয়া হতাশ হইবেন না। ইহার এক শিশির মূল্য ১৲ টাকা মাত্র। মাশুলাদি ।৶৹ সাত আনা।

## প্রমেহরোগের জ্বালা যন্ত্রণা

সবই দূরে যাইবে। স্রাব, স্ফীত, প্রদাহ, মূত্রত্যাগকালে বিজাতীয় যাতনা প্রভৃতি সবই প্রশমিত হইবে। আপনি নিঃশঙ্কচিত্তে আমাদের "গণোকিল" ব্যবহার করুন। অসংখ্য রোগী ইহার সহায়তায় গোপনে রোগমুক্ত হইয়া আমাদের ধন্যবাদ দিয়াছেন! কেন আপনি বৃথা রোগকষ্ট ভোগ করেন? রোগের অবস্থা লিখিয়া আমাদিগকে জানাইবেন। অর্ডার পাইলেই আমরা "গণোকিল" পাঠাইয়া দিব। এক শিশির মূল্য ১॥৹ দেড় টাকা মাশুলাদি ।৶৹ সাত আনা।

---

এস, পি, সেন এণ্ড কোম্পানীর

## স্বদেশ গৌরব এসেন্স।

চামেলী।—চামেলীর সৌরভ বড় স্নিগ্ধ—বড় মধুর।

সাবিত্রী।—সাবিত্রী, সাবিত্রী-চরিত্রের মতই পরম পবিত্র ও স্পৃহনীয় পদার্থ।

মল্লিকা।—বেলা-যুথিকাদির সহিত মল্লিকা চিরদিনই একাসন অধিকার করে

চম্পক।—চাঁপার তীব্রতা কেমন উজ্জ্বল-মধুরে পরিণত হইয়াছে, তাহা দেখিবার জিনিষ!

বেলা।—অবসন্ন গ্রীষ্মবেলায় 'বেলার' গন্ধ যেন স্বর্গসুখ আনিয়া দেয়।

যুথিকা।—আমাদের ঘরের যুথিকাই বিলাতী সাজে 'জেসমিন' হইয়া উঠিয়াছে।

কামিনী।—যামিনীর জ্যোৎস্না কামিনীর সৌরভে মধুরতর হইয়া উঠে।

মস্ক্ জেসমিন।—মিলিত নামই ইহার মিলনের মধুরতা প্রকাশ করিতেছে।

প্রত্যেক পুষ্পসার বড় এক শিশি ১৲ এক টাকা। মাঝারি ৸৹ বার আনা। ছোট ॥৹ আট আনা। মাশুলাদি ।৴৹ পাঁচ আনা।

মিল্ক্ অব্ রোজ।—ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলই ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি ।৴৹ পাঁচ আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি! এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

এস, পি, সেন এণ্ড কোম্পানী,
ম্যানুফ্যাক্চারিং কেমিষ্টস্,
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা